অসুস্থ শিশুর চিকিৎসার ব্যয়ভার নিজের কাঁধে তুলে নিলেন মন্ত্রী তাজমুল হোসেন

নিজস্ব প্রতিবেদন, মালদা: কিডনির সমস্যায় আক্রান্ত শিশুর পরিবারের পাশে দাঁড়াল রাজ্যের বস্ত্র দপ্তরের রাষ্ট্রমন্ত্রী তথা হরিশ্চন্দ্রপুরে তৃণমূল বিধায়ক তাজমুল হোসেন। সোমবার মন্ত্রীর পক্ষ থেকে একটি প্রতিনিধিদল হরিশ্চন্দ্রপুরের মুসাহার পরিবারের সঙ্গে দেখা করেন। দুরারোগ্য ব্যাধিতে আক্রান্ত শিশুর চিকিৎসার জন্য আর্থিক সাহায্য ও সমস্ত রকম সুবিধার কথা জানানো হয়েছে। দরিদ্র পরিবারের এই শিশুর সমস্ত রকম চিকিৎসার দায়ভার নিলেন মন্ত্রী তাজমুল হোসেন। পাশাপাশি সাহায্যের হাত বাড়িয়ে দিয়েছে হরিশ্চন্দ্রপুর থানার পুলিশ ও প্রশাসন। কাগজে লিখে চিকিৎসার ব্যবস্থা করে দেওয়া হল মন্ত্রীর পক্ষ থেকে। ছেলেকে এবার সুস্থ করতে পারবে বলে আশায় বুক বেঁধেছে পরিবার।

এদিকে মন্ত্রী হিসাবে শপথ নিয়ে সদ্য এলাকায় ফেরেন বিধায়ক তথা মন্ত্রী তাজমুল হোসেন। তারপরেই করা হয় এই ছোট্ট শিশুর চিকিৎসার ব্যবস্থা। তিনি কাগজে লিখে কলকাতার পিজি হাসপাতালে চিকিৎসার ব্যবস্থা করে দিয়েছেন। সেই কাগজ নিয়ে সেদিন ওই পরিবারের সঙ্গে দেখা করতে যান মালদা জেলা তৃণমূল কংগ্রেসের সাধারণ সম্পাদক জম্মু রহমান, যুব তৃণমূল সভাপতি জিয়াউর রহমান, হরিশ্চন্দ্রপুর চেয়ারম্যান সঞ্জীব গুপ্তা সহ অন্যান্যরা। আর্থিক ভাবেও সাহায্য করা হয় ওই পরিবারকে।

উল্লেখ্য, হরিশ্চন্দ্রপুর থানাপাড়ার বাসিন্দা পরিযায়ী শ্রমিক হিন্দোল ঋষির ছয় বছরের ছেলে অভি ঋষি গাছ থেকে পড়ে তার ডান কিডনি বিকল হয়ে যায়। চিকিৎসার জন্য টাকা জোগাড় করতে পারছিলেন না এই দরিদ্র পরিবার। বিষয়টি জানতে পেরে নড়েচড়ে বসে স্থানীয় প্রশাসন থেকে শুরু করে এলাকার মন্ত্রী তাজমুল হোসেন। তারপরে এই ব্যবস্থা গ্রহণ করা হয়।

প্রধানমন্ত্রী আবাস যোজনার কাটমানি নিয়েছেন পঞ্চায়েত সদস্য

কেন্দ্রীয় প্রতিনিধি দলের কাছে মুখ খুললেন উপভোক্তা

নিজস্ব প্রতিবেদন, নদিয়া: প্রধানমন্ত্রী আবাস যোজনা থেকে শুরু করে ১০০ দিনের কাজ সবেতেই হয়েছে দুর্নীতি এমনটাই অভিযোগ বিরোধীদের। অভিযোগ পৌঁছেছে খোদ দিল্লি পর্যন্ত। আর সেই দুর্নীতি কিংবা কাটমানির তদন্ত করতেই নদিয়ায় এল তিন সদস্যের কেন্দ্রীয় প্রতিনিধি দল। প্রধানমন্ত্রী আবাস যোজনা এবং ১০০ দিনের কাজ খতিয়ে দেখতে ৩ সদস্যের কেন্দ্রীয় প্রতিনিধি সহ মোট ২১ জনের প্রতিনিধি দল এলেন নদিয়ার তেহট্ট মহকুমার ছিটকা গ্রাম পঞ্চায়েত এলাকায়। সেখানে সাধারণ মানুষের সঙ্গে কথা বলা সহ প্রধানমন্ত্রী আবাস যোজনার ঘর নিয়ে পক্ষপাতিত্ব ও কাটমানি নেওয়ার যে অভিযোগ উঠেছিল তার সমস্ত রকম তদন্ত করেন। একই সঙ্গে কেন্দ্রীয় প্রতিনিধি দলের যিনি ইঞ্জিনিয়ার রয়েছেন বিভিন্ন রাস্তা মেপে নেন। এরপরেই তেহট্ট মহকুমার ভারত বাংলাদেশ সীমান্তবর্তী গ্রাম এবং জিরো পয়েন্ট এলাকাতে ও সরজমিনে খতিয়ে দেখলেন এবং সীমান্তবর্তী এলাকায় বসবাসকারী মানুষের সঙ্গে কথা বললেন কেন্দ্রীয় প্রতিনিধি দলের সদস্যরা। যদি ওই দিনের কর্মসূচির বিষয়ে এখনো পর্যন্ত মুখ খুলতে চায়নি কেন্দ্রীয় প্রতিনিধি দলের সদস্যরা। তবে কেন্দ্রীয় প্রতিনিধি দলের সঙ্গে কথা বার্তায় উঠে এসেছে স্থানীয় পঞ্চায়েত সদস্যের কাটমানির কথা। প্রধানমন্ত্রী আবাস যোজনার ঘর পাওয়ার জন্য স্থানীয় সদস্য ওসমান শেখকে টাকা দিতে হয়েছে আর এ কথা স্বীকার করলেন স্থানীয় এক বাসিন্দা।

ডায়নামিক অর্কিস্ট্রাকচারস লিমিটেড

CIN: L45201WB1996PLC077451
রেজিস্টার্ড অফিস: ৪০৯, স্বায়িকা সেন্টার, ৪এ, পোলক স্ট্রিট, কলকাতা (প.ব.)৭০০০০১, ফোন: ০৩৩-২২৩৪৩৬৭৩
ওয়েবসাইট : www.dynamicarchistructures.com, **ইমেল:** info@dynamicarchistructures.com

৩০ জুন, ২০২২ তারিখে সমাপ্ত ত্রৈমাসিকের অনিরীক্ষিত আর্থিক ফলাফল

(ইপিএস ছাড়া টাকার অঙ্ক কোটিতে)

ক্র. নং	বিবরণ	ত্রৈমাসিক সমাপ্ত/চলতি বর্ষ সমাপ্ত	বর্ষ থেকে তারিখ অর্থাঙ্ক/পূর্ববর্তী বর্ষ সমাপ্ত	অনুরূপ ৩ মাস সমাপ্ত পূর্ববর্তী বর্ষের
		৩০.০৬.২০২২	৩০.০৬.২০২২	৩০.০৬.২০২১
১	কার্যাদি থেকে মোট আয়	০.৬৪	০.৬৪	১.১৪
২	সময়কালের জন্য নিট লাভ/(ক্ষতি)(কর, ব্যতিক্রমী এবং/বা অতিরিক্ত দফার পূর্বে #)	(০.২৯)	(০.২৯)	০.৯০
৩	সময়কালের জন্য নিট লাভ/(ক্ষতি) করপূর্ব (ব্যতিক্রমী এবং/বা অতিরিক্ত দফার পরে #)	(০.২৯)	(০.২৯)	০.৯০
৪	সময়কালের জন্য নিট লাভ/(ক্ষতি) কর পরবর্তী (ব্যতিক্রমী এবং/বা অতিরিক্ত দফার পরে #)	(০.২৮)	(০.২৮)	০.৮৬
৫	সময়কালের জন্য মোট আনুপুঙ্খিক আয় [সময়কালের জন্য লাভ/(ক্ষতি) সমন্বিত (কর পরবর্তী)এবং অন্যান্য আনুপুঙ্খিক আয়(করের পরে)]	(০.২৮)	(০.২৮)	০.৮৬
৬	ইক্যুইটি শেয়ার মূলধন	৫.০১	৫.০১	৫.০১
৭	শেয়ার প্রতি আয় (প্রতিটি ১০/- টাকার) (চলতি এবং অচলতি কার্যাদির জন্য)			
	১. মৌলিক :	(০.৫৬)	(০.৫৬)	১.৭২
	২. মিশ্রিত :	(০.৫৬)	(০.৫৬)	১.৭২

দ্রষ্টব্য :

ক উপরের ফর্ম্যাটটি স্টক এক্সচেঞ্জে জমাকৃত বিস্তারিত ত্রৈমাসিক আর্থিক ফলাফলের নির্যাস যা সেবি (লিস্টিং অ্যান্ড আদার ডিসক্লোজার রিকোয়ারমেন্টস) রেগুলেশন, ২০১৫ -এর রেগুলেশন ৩৩ অধীনে স্টক এক্সচেঞ্জে ফাইল করা হয়েছে। ত্রৈমাসিক আর্থিক ফলাফলের বিশদ ফর্ম্যাট স্টক এক্সচেঞ্জের ওয়েবসাইট www.bseindia.com এবং কোম্পানির ওয়েবসাইট www.dynamicarchistructures.com -এ পাওয়া যাবে।

খ #- ব্যতিক্রমী এবং/বা অতিরিক্ত দফা ইন্ড এএস রুলস অনুযায়ী লাভ এবং ক্ষতির বিবরণে সামঞ্জস্য করা হয়েছে।

ডায়নামিক অর্কিস্ট্রাকচারস লিমিটেড-এর পক্ষে
স্বা/-
দানমাল পোরওয়াল
চেয়ারম্যান কাম ম্যানেজিং ডিরেক্টর
DIN - 00581351

স্থান: কলকাতা
তারিখ: ০৮.০৮.২০২২

পোস্ট অফিস থেকে মিলছে ভারতের জাতীয় পতাকা, খুশি হুগলিবাসী

মহেশ্বর চক্রবর্তী

হুগলি: হাতে গোনা কয়েক দিন পরেই ভারতের ৭৫ তম স্বাধীনতা দিবস। সারা দেশজুড়ে মর্যাদার সঙ্গে পালিত হবে এই দেশের স্বাধীনতা দিবস। ইতিমধ্যেই হর ঘর তিরঙ্গা কর্মসূচির ঘোষণা করেছে কেন্দ্রীয় সরকার। এই হর ঘর তিরঙ্গা প্রচারের অংশ হিসাবে পোস্ট অফিসগুলো সারা দেশে ভারতের জাতীয় পতাকা বিক্রি করছে। সেই মতো হুগলি জেলার গোঘাট ও আরামবাগের বেশ কয়েকটি পোস্ট অফিস থেকে ভারতের জাতীয় পতাকা তুলে দেওয়া হল। আর ভারতের নাগরিক হিসাবে জাতীয় পতাকা পেয়ে খুশি এলাকার মানুষ। জানা গিয়েছে, ইতিমধ্যেই গত ১ অগস্ট থেকে শুরু হয় অনলাইনে ভারতের জাতীয় পতাকা বিক্রি। পাশাপাশি দেশের বিভিন্ন পোস্ট অফিস থেকে জাতীয় পতাকা দেওয়া শুরু হয়। স্থানীয় মানুষ যাতে সহজেই জাতীয় পতাকা সংগ্রহ করতে পারেন সেই জন্যই এই উদ্যোগ নেয় সরকার। জানা গিয়েছে, পোস্ট অফিসে ই-পোর্টাল www.epostoffice.gov.in.-এর মাধ্যমে জাতীয় পতাকার অর্ডার দিলেই বাড়িতে পৌঁছে যাচ্ছে জাতীয় পতাকা। সম্প্রতি, ৭৫ তম স্বাধীনতা দিবস উপলক্ষে 'হর ঘর তিরঙ্গা'র প্রচার চালাচ্ছে সরকার। ইতিমধ্যেই সব বাড়িতে জাতীয় পতাকা লাগানোর আহ্বান জানিয়েছে সরকার। দিন-রাত এই পতাকা তুলে রাখা যাবে বাড়িতে। নাগরিকদের বাড়িতে দিনরাত দেশের পতাকা উত্তোলনের অনুমতি দেওয়ার জন্য সরকার ন্যাশনাল ফ্ল্যাগ কোডে সংশোধন করেছে। আগে শুধু সূর্যোদয় থেকে সূর্যাস্ত পর্যন্ত তেরঙ্গা উত্তোলনের অনুমতি ছিল। গোঘাট পোস্ট অফিস থেকে শুরু করে কামারপুকুর পোস্ট অফিস ও আরামবাগের হাটবসন্তপুর পোস্ট থেকেও এদিন জাতীয় পতাকা তুলে দেওয়া হয় গ্রাহকদের। এই বিষয়ে আরামবাগের হাটবসন্তপুরের পোট মাস্টার শৈলেন্দ্র ঘোষাল জানান, আমাদের পোস্ট অফিস থেকে জাতীয় পতাকা বিক্রি করা হচ্ছে। মাত্র ২৫ টাকাতে আমরা গ্রাহকদের তুলে দিচ্ছি। অপরদিকে গোঘাটের বাসিন্দা অসিত মুখোপাধ্যায় জানান, ভারতবর্ষ আমার দেশ। সেই দেশের জাতীয় পতাকা পেয়ে খুবই খুশি। পোস্ট অফিস থেকে আমি জাতীয় পতাকা সংগ্রহ করেছি। সবমিলিয়ে এদিন হুগলি জেলার বেশ কয়েকটি পোস্ট অফিস থেকে জাতীয় পতাকা গ্রাহকদের হাতে তুলে দেওয়া হয়। আর সরকারের এই উদ্যোগকে স্বাগত জানায় এলাকার মানুষ।

গৃহবধূর ঝুলন্ত মৃতদেহ উদ্ধার

নিজস্ব প্রতিবেদন, পূর্ব বর্ধমান: ভাতারের চণ্ডীপুর গ্রামে এক গৃহবধূর ঝুলন্ত মৃতদেহ উদ্ধারকে ঘিরে চাঞ্চল্য ছড়ায় সোমবার। মৃতার নাম, সোনালি পাঁজা। এদিন সকালে পরিবারের সদস্যরা তাঁর গলায় দড়ির ফাঁস দেওয়া ঝুলন্ত মৃতদেহ দেখতে পেয়ে পুলিশে খবর দেয়। ঘটনাস্থলে পুলিশ এসে মৃতদেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য বর্ধমান মেডিক্যাল কলেজে পাঠায়।

মৃতার স্বামী সঞ্জয় পাজাঁ জানান, প্রায় ১৮ বছর আগে তাঁদের বিবাহ হয়। তাঁদের একটি কন্যা সন্তান রয়েছে। সে একাদশ শ্রেণিতে পড়ে। তাঁর দাবি, স্ত্রী'র সঙ্গে কোনও ঝগড়া অশান্তি ছিল না। তবে বেশ কিছুদিন ধরে মানসিক অবসাদে ভুগছিলেন তাঁর স্ত্রী। কি কারণে আত্মঘাতী হয়েছেন সে বিষয়ে তাঁদের কিছু জানা নেই। পুলিশ ঘটনার তদন্ত শুরু করেছে।

হাওড়া–দেরাদুন উপাসনা এক্সপ্রেসের সাময়িক স্টপেজ

75 Azadi Ka Amrit Mahotsav

১২৩২৭/১২৩২৮ হাওড়া–দেরাদুন–হাওড়া উপাসনা এক্সপ্রেস ট্রেনটি নিম্নলিখিত সময়সূচী অনুযায়ী পরীক্ষামূলক ভিত্তিতে, যা ০৭.০৮.২০২২ **তারিখ থেকে** ৬ (ছয়) মাসের জন্য **আরা** স্টেশনে থামছে ঃ **ট্রেন নং ও নাম ঃ** ১২৩২৭ হাওড়া–দেরাদুন উপাসনা এক্সপ্রেস (দ্বি-সাপ্তাহিক)। **পৌঁছবে ঃ** রাত্রি ৯.৩৫ মিনিট। **ছাড়বে ঃ** রাত্রি ৯.৩৭ মিনিট। **ট্রেন নং ও নাম ঃ** ১২৩২৮ দেরাদুন–হাওড়া উপাসনা এক্সপ্রেস (দ্বি-সাপ্তাহিক)। **পৌঁছবে ঃ** বিকাল ৪.২৪ মিনিট। **ছাড়বে ঃ** বিকাল ৪.২৬ মিনিট।

চিফ প্যাসেঞ্জার ট্রান্সপোর্টেশন ম্যানেজার

পূর্ব রেলওয়ে

আমাদের অনুসরণ করুন ঃ @EasternRailway Eastern Railway Headquarter

নীলাচল মিনারেলস লিমিটেড

CIN : L10400WB1907PLC001722
রেজিঃ অফিস ১৭, রয় স্ট্রিট, একতলা, কলকাতা-৭০০০২০
টেলি নং. ০৩৩-৪০৬২ ৯১২৭, ই-মেল-neelachalkolkata@gmail.com

৩০ জুন, ২০২২ তারিখে সমাপ্ত ত্রৈমাসিকের অনিরীক্ষিত আর্থিক ফলাফলের সারাংশ

পরিশিষ্ট ১১ (লক্ষ টাকায়)

বিবরণ	ত্রৈমাসিক সমাপ্ত		বর্ষ সমাপ্ত
	জুন ৩০, ২০২২	জুন ৩০, ২০২১	মার্চ ৩১, ২০২২
কার্যাদি থেকে মোট আয় (নিট)	১৩.২৬	১৩.১০	৫১.৫১
কর পরবর্তী সাধারণ কার্যাদি থেকে নিট লাভ/(ক্ষতি)	৭.৭৩	-৪.৩৬	২২.৫৭
কর পরবর্তী (বিশেষ দফা পরবর্তী) সময়কালের জন্য নিট লাভ/(ক্ষতি)	৭.৭৩	-৪.৩৬	২২.৫৭
ইক্যুইটি শেয়ার মূলধন	৩১.৪৮	৩১.৪৮	৩১.৪৮
মজুত (বিগত বর্ষের উদ্বর্তপত্রে দর্শিত পুনর্মূল্যায়ণ মজুত ব্যতীত)	-	-	৫৮.৭২
শেয়ার প্রতি আয় (ইপিএস) :			
(ক) মৌলিক ইপিএস বিশেষ দফা পূর্বে ও পরে (টা.) (* বার্ষিকীকৃত নয়)	*২.৪৬	*(১.৩৯)	*৭.১৭
(খ) মিশ্রিত ইপিএস বিশেষ দফা পূর্বে ও পরে (টা.) (* বার্ষিকীকৃত নয়)	*২.৪৬	*(১.৩৯)	*৭.১৭

বোর্ডের আদেশানুসারে
নীলাচল মিনারেলস লিমিটেড -এর পক্ষে
স্বা/- **তেজস দোশী**
ডিরেক্টর

স্থান : কলকাতা
তারিখ : ০৮ অগস্ট, ২০২২

PUBLIC NOTICE

Stakeholder Meeting

সাসটেনেবল গ্রীন ইনিশিয়েটিভ (SGI) এবং ভ্যালু নেটওয়ার্ক অ্যাডভাইসারি সার্ভিস (VNV) এর সম্মিলিত প্রয়াসে একটি ভেরিফাইড কার্বন স্ট্যান্ডার্ড প্রকল্প রূপায়ণ করছে, ম্যানগ্রোভ বৃক্ষরোপন -এর মাধ্যমে সুন্দরবনের উপকূলীয় জনজাতির মধ্যে জলবায়ু স্থিতিস্থাপকতা। এই প্রকল্পের লক্ষ্য হলো-ভারতবর্ষের পশ্চিমবঙ্গ রাজ্যের প্রত্যন্ত সুন্দরবনের গ্রামের আশেপাশে ক্ষয়প্রাপ্ত ম্যানগ্রোভের জায়গা পুনর্বনায়ন করা। এই প্রকল্পের মধ্যে আমরা বিদ্যমান ম্যানগ্রোভ বনের সঙ্গে সঙ্গে জোয়ারের জলে ভেসে আসা বিভিন্ন প্রজাতির ম্যানগ্রোভ বীজ সংগ্রহ করবো এবং তার বিস্তারের লক্ষ্যে উপযুক্ত জায়গায় বিভিন্ন স্থানীয় ম্যানগ্রোভের প্রজাতি রোপন করবো যেগুলো কার্বন ধরে রাখতে সাহায্য করবে। ম্যানগ্রোভ ক্ষয়প্রাপ্তস্থানের মধ্যে সবচেয়ে উপযুক্ত জায়গাগুলো ম্যানগ্রোভ পুনরুদ্ধারের জন্য নির্বাচিত করা হয়েছে যাতে সবথেকে বেশি ম্যানগ্রোভ বেঁচে থাকে। এছাড়াও এই প্রকল্পের মধ্যে স্বাস্থ্য, শিক্ষা এবং জীবিকা ক্ষেত্রে বিভিন্ন জনকল্যাণমূলক কাজ স্থানীয় জনসাধারণের জন্য করা হবে। কার্বন নিঃসরণ লঘু হচ্ছে এই মর্মে আমরা এই প্রকল্পটিকে ভেরিফাইড কার্বন স্ট্যান্ডার্ডে নথিভুক্ত করার অভিপ্রায় রাখি। এই মর্মে SGI এবং VNV স্টেকহোল্ডারদের পরামর্শ এবং সুচিন্তিত মত জ্ঞাপনের জন্য সাদর আমন্ত্রণ জানাই।

সভার সূচি ঃ সময় - 4PM তারিখ - 24th August, 2022। স্থান - রাম পারুলের কুঠি, রাজারলাট পাড়া, পুরাতন চাঁদনী, ক্যানিং-743329

এই সভায় আমরা আপনাদের সাদর উপস্থিতি প্রত্যাশা করি। যদি কেউ উপস্থিতি না থাকতে পারেন তাহলে আপনারা আমাদের ঠিকানায় পাঠাতে পারেন।

Sustainable Green Initiative
(in the care of)
Debashish Mistry
Ground Floor, Near SDPO Office,
Amdabedia,
Canning, West Bengal - 743329
Website : **www. Greening.in**
Email : **manir@greening.in**
sid@greening.in

VALUE NETWORK VENTURES ADVISORY SERVICES
10 Anson Road, #29-07 International Plaza,
Singapore : 079903
Ph.: +91 80 42429916, +91 80 42429933,
+91 9845017165, +91 9739836912
Emails : **madhureema@vnvadvisory.net**
priyanka.mhaisne@vnvadvisory.net

রিকভারি অফিসারের অফিস-I/II ডেটস্ রিকভারি ট্রাইব্যুনাল কলকাতা (ডিআরটি-৩)

৯ম তল, জীবন সুধা বিল্ডিং, ৪২-সি, জওহর লাল নেহরু রোড, কলকাতা-৭০০০৭১

দাবি বিজ্ঞপ্তি

দ্য রিকভারি অফ ডেটস্ এন্ড ব্যাঙ্করাপসি এক্ট, ১৯৯৩ এর ২৫ থেকে ২৮ সেকশন এর অধীন এবং ইনকাম ট্যাক্স এক্ট,১৯৬১ এর দ্বিতীয় তফসিলের রুল ২ -এর অধীনে বিজ্ঞপ্তি

আরসি/১৩০/২০২১
ইউনিয়ন ব্যাঙ্ক
বনাম
মেসার্স বিজয় উদ্যোগ এবং অন্যান্য

প্রতি

(সিডি ১) মেসার্স বিজয় উদ্যোগ, অফিস ৪৪/১, মানিক বোস ঘাট রোড, পিন-৭০০ ০০৬, কলকাতা -তে।

(সিডি ২) বিজয় কুমার শাউ, মেসার্স বিজয় উদ্যোগ এর স্বত্বাধিকারী, অফিস এবং বাসস্থান ৪৪/১, মানিক বোস ঘাট রোড, পিন-৭০০০০৬, কলকাতা-তে, **এছাড়াও** ৩বি/১এ, ধর্মহাট্টা, ১ম লেন, পিন-৭০০০০৬, কলকাতা-তে।

এটি অবহিত করা হচ্ছে যে, প্রিসাইডিং অফিসার, ডেটস্ রিকভারি ট্রাইব্যুনাল কলকাতা (ডিআরটি-৩) **ওএ/৭০২/২০১৬** দ্বারা পাস করা আদেশ অনুসারে জারি করা পুনরুদ্ধার শংসাপত্র অনুযায়ী **৪৩,০০,৭৬২.৮২ টাকা** (তেতাল্লিশ লক্ষ সাতশো বাষট্টি টাকা এবং বিরাশি পয়সা মাত্র) এবং সেইসঙ্গে পেন্ডেন্টেলাইট এবং ভবিষ্যৎ সুদ বার্ষিক ১৩.২৫% হারে বার্ষিক সরল সুদ **২৫.০৬.২০১৬** তারিখ থেকে কার্যকর পরিশোধ না হওয়া পর্যন্ত এবং ৪৬,০০০.০০ টাকা (ছেচল্লিশ হাজার টাকা মাত্র) খরচ আপনার বিরুদ্ধে বকেয়া হয়ে গেছে (যৌথভাবে এবং পৃথকভাবে/ সম্পূর্ণ/ সীমিত)।

২. আপনাকে এতদ্বারা নোটিশ প্রাপ্তির ১৫ দিনের মধ্যে উপরোক্ত অর্থ প্রদানের নির্দেশ দেওয়া হয়েছে, ব্যর্থ হলে ব্যাংক এবং আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ এবং সেখানকার বিধিগুলির অধীনে বকেয়া ঋণের পুনরুদ্ধার অনুসারে পুনরুদ্ধার করা হবে।

৩. আপনাকে এতদ্বারা পরবর্তী শুনানির তারিখে বা তার আগে আপনার সম্পদের বিবরণ হলফনামায় ঘোষণা করার নির্দেশ দেওয়া হয়েছে।

৪. আপনাকে এতদ্বারা **৩১.০৮.২০২২ তারিখ সকাল ১০.৩০ টায়** নিম্নস্বাক্ষরকারীর সামনে উপস্থিত হতে আদেশ করা হয়েছে পরবর্তী কার্যক্রমের জন্য।

৫. উপরোক্ত রাশি ছাড়াও আপনি আরও পরিশোধ করতে দায়বদ্ধ-

(ক) শংসাপত্র/সম্পাদনের প্রক্রিয়ার নোটিসের অব্যবহিত পরে শুরু সময়কালের জন্য প্রদেয় অনুরূপ সুদ।

(খ) এই বিজ্ঞপ্তি এবং ওয়ারেন্ট এবং অন্যান্য প্রক্রিয়া এবং প্রাপ্য পরিমাণ পুনরুদ্ধারের জন্য গৃহীত অন্যান্য সমস্ত প্রক্রিয়ার পরিষেবার ক্ষেত্রে মূল্য, চার্জ এবং ব্যয়।

আমার হস্তাধীনে ট্রাইবুনালের সিলমোহরযুক্ত হল **০৫.০৫.২০২২ তারিখে।**

স্বা/-
ভারতী গুহ নিওগী
রিকভারি অফিসার
ভারত সরকার
কলকাতা ডেটস্ রিকভারী ট্রাইবুনাল-৩

hindware
home innovation limited

(পূর্বতন সোমানি হোম ইনোভেশন লিমিটেড হিসেবে পরিচিত)
CIN : L74999WB2017PLC222970
রেজিস্টার্ড অফিস: ২, রেড ক্রস প্লেস, কলকাতা-৭০০০০১, পশ্চিমবঙ্গ, ভারত
দূরভাষ নং: ৯১-৩৩-২২৪৮ ৭৪০৭
ইমেল: investors@shilgroup.com; **ওয়েবসাইট:** www.hindwarehomes.com

৫ম বার্ষিক সাধারণ সভা, বই বন্ধ এবং ই-ভোটিং সংশ্লিষ্ট তথ্য সম্পর্কিত বিজ্ঞপ্তি

এতদ্বারা বিজ্ঞপ্তি দেওয়া হচ্ছে যে কোম্পানির সদস্যদের ৫ম বার্ষিক সাধারণ সভা ('এজিএম') মঙ্গলবার, ৩০ অগাস্ট, ২০২২ তারিখে দুপুর ১২.০০ (আইএসটি)-তে ভিডিও কনফারেন্সিং ('ভিসি')/আদার অডিও ভিজ্যুয়াল ('ওএভিএম') সুবিধার মাধ্যমে অনুষ্ঠিত হবে এজিএম নোটিশে নির্ধারিত ব্যবসার কার্যাদি সম্পন্ন করার জন্য।

কোভিড-১৯ মহামারী অব্যাহত থাকার পরিপ্রেক্ষিতে, কর্পোরেট বিষয়ক মন্ত্রক তার জেনারেল সার্কুলার নং- ১৪/২০২০, ১৭/২০২০, ২০/২০২০, ০২/২০২১ এবং ০২/২০২২ তারিখ যথাক্রমে ৮ এপ্রিল ২০২০, ১৩ এপ্রিল ২০২০, ৫ মে ২০২০, ১৩ জানুয়ারি ২০২১ এবং ৫ মে ২০২২ ('এমসিএ সার্কুলারস') এবং সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ বোর্ড অফ ইন্ডিয়া ('সেবি') তার সার্কুলার নং এসইবিই/এইচও/সিএফডি/সিএমডি১/সিআইআর/পি/২০২০/৭৯, এসইবিই/এইচও/সিএফডি/সিএমডি২/সিআইআর/পি/২০২১/১১ এবং এসইবিই/এইচও/সিএফডি/সিএমডি২/সিআইআর/পি/২০২২/৬২ তারিখ যথাক্রমে তারিখ ১২ মে ২০২০, ১৫ জানুয়ারী, ২০২১ এবং ১৩ মে, ২০২২ ('সেবি সার্কুলার'), অনুসারে ভিসি/ওএভিএম এর মাধ্যমে সাধারণ ভেন্যুতে সদস্যদের শারীরিক উপস্থিতি ছাড়াই এজিএম আহ্বান করার অনুমতি দিয়েছে। এজিএমের কার্যক্রম কোম্পানির রেজিস্টার্ড অফিসে পরিচালিত বলে গণ্য হবে যা এজিএমের গণ্য স্থান হবে।

আরও বিজ্ঞপ্তি দেওয়া হচ্ছে যে কোম্পানি আইন, ২০১৩ ('অ্যাক্ট') এর ধারা ৯১ এবং সেবি(লিস্টিং অবিলগেশনস এন্ড ডিসক্লোজার রিকোয়ারমেন্টস) রেগুলেশনস, ২০১৫ ('লিস্টিং রেগুলেশনস') এর রেগুলেশন ৪২ এর অনুসারে কোম্পানির সদস্যদের রেজিস্টার অ্যান্ড শেয়ার ট্রান্সফার বই ২৩ অগাস্ট, ২০২২ থেকে ৩০ অগাস্ট, ২০২২, উভয় দিন সহ বন্ধ থাকবে।

এমসিএ সার্কুলার এবং সেবি সার্কুলারের বিধান মেনে কোম্পানি ২০২১-২২ অর্থবছরের বার্ষিক রিপোর্ট কোম্পানির এজিএম নোটিশ সহ ইলেকট্রনিক মোডের মাধ্যমে ৬ অগাস্ট, ২০২২ তারিখে সকল সদস্যদের ইমেইল আইডি-তে পাঠিয়েছে যাদের ইমেইল আইডি কোম্পানি/ডিপোজিটারি পার্টিসিপেন্ট (গুলি) -এর সাথে নিবন্ধিত। এই ডকুমেন্টগুলি কোম্পানির ওয়েবসাইট অর্থাৎ www.hindwarehomes.com, স্টক এক্সচেঞ্জের ওয়েবসাইট www.bseindia.com এবং www.nseindia.com এবং সেন্ট্রাল ডিপোজিটরি সার্ভিসেস (ইন্ডিয়া) লিমিটেডের ওয়েবসাইট ('সিডিএসএল') অর্থাৎ www.evotingindia.com তে ও পাওয়া যাবে।

কোম্পানিজ (ম্যানেজমেন্ট অ্যান্ড অ্যাডমিনিস্ট্রেশন) রুলস, ২০১৪ (সংশোধিত মতো) এবং লিস্টিং রেগুলেশনের রেগুলেশন ৪৪-এর অধীনে পঠিত আইনের ধারা ১০৮ অনুসারে, কোম্পানি রিমোট ই-ভোটিং সুবিধা প্রদানের জন্য সিডিএসএল-এর সেবা নিযুক্ত করেছে এজিএম নোটিশে নির্ধারিত রেজুলেশনে ইলেক্ট্রনিকভাবে তাদের সদস্যদের ভোট দেওয়ার জন্য।

এজিএমের আগে, রিমোট ই-ভোটের সময়কাল শনিবার, ২৭ অগাস্ট, ২০২২ সকাল ৯.০০টায় (আইএসটি) শুরু হবে এবং সোমবার, ২৯ অগাস্ট, ২০২২ সন্ধ্যা ৫.০০টায় (আইএসটি) শেষ হবে। এই সময়ের মধ্যে, কাট-অফের তারিখ অনুযায়ী অর্থাৎ মঙ্গলবার, ২৩ অগাস্ট, ২০২২ ফিজিক্যাল আকারে বা ডিমেটেরিয়ালাইজড আকারে শেয়ার ধারণকারী কোম্পানির সদস্যরা রিমোট ই-ভোটিং সিস্টেমের মাধ্যমে ইলেক্ট্রনিকভাবে তাদের ভোট দিতে পারে। রিমোট ই-ভোটিং মডিউল সিডিএসএল দ্বারা এর পরে ভোটের জন্য নিষ্ক্রিয় করা হবে। যে সকল সদস্যরা ভিসি/ওএভিএম সুবিধার মাধ্যমে এজিএম-এ উপস্থিত থাকবেন এবং এজিএম-এর আগে রিমোট ই-ভোটিংয়ের মাধ্যমে রেজোলিউশনে তাদের ভোট না দিয়ে থাকেন, তারা এজিএমের সময় প্রদত্ত রিমোট ই-ভোটিং সিস্টেমের মাধ্যমে ভোট দেওয়ার যোগ্য হবেন। যে সকল সদস্যরা এজিএমের পূর্বে রিমোট ই-ভোটিং দ্বারা তাদের ভোট দিয়েছেন তারা ভিসি/ওএভিএম -এর মাধ্যমে এজিএমে যোগদান/অংশগ্রহণ করতে পারেন কিন্তু তারা আবার তাদের ভোট দেওয়ার অধিকারী হবেন না। যে কোনও ব্যক্তি যিনি কাট-অফ তারিখে সদস্য নন তাদের এই নোটিশটি শুধুমাত্র তথ্যের জন্য ব্যবহার করা উচিতযদি কোনও ব্যক্তি এজিএমের নোটিশ প্রেরণের পর কিন্তু কাট অফ ডেট বা তার এর আগে কোম্পানির সদস্য হন ই-ভোটিং এর জন্য এজিএম নোটিশে উল্লিখিত পদ্ধতিতে তিনি ইউজার আইডি এবং পাসওয়ার্ড পেতে পারেন।

রিমোট ই-ভোটিং প্রক্রিয়া, এজিএম-এ যোগদান এবং এজিএম চলাকালীন রিমোট ই-ভোটিং সংক্রান্ত বিস্তারিত নির্দেশনা নোটিশে দেওয়া আছে। ভিসি/ওএভিএমের মাধ্যমে এজিএমে উপস্থিত সদস্যদের উপস্থিতি আইনের ধারা ১০৩ এর অধীনে কোরাম গণনার উদ্দেশ্যে গণনা করা হবে।

সদস্যদের ভিসি/ওএভিএমের মাধ্যমে এজিএমে যোগ দেওয়ার অনুমতি দেওয়া হবে এজিএম শুরুর নির্ধারিত সময়ের ১৫ মিনিট আগে এবং পরে এবং এজিএম চলাকালীন সিডিএসএল দ্বারা প্রদত্ত সুবিধার মাধ্যমে www.evotingindia.com তে লগইন শংসাপত্র ব্যবহার করে এবং ইভিএসএন নির্বাচন করে কোম্পানির এজিএম এর জন্য।

যেসব সদস্যের ই-মেইল আইডি এবং মোবাইল নম্বর কোম্পানি/ডিপোজিটরিতে নিবন্ধিত নয় তাদের অনুরোধ করা হচ্ছে যে নিম্নলিখিত নির্দেশাবলী অনুসারে রিমোট ই-ভোটিংয়ের জন্য লগইন শংসাপত্র পাওয়ার জন্য উল্লিখিত বিবরণ আপডেট করুন-

- ফিজিক্যাল আকারে শেয়ারধারী সদস্যদের জন্য- http://mdpl.in/form/email-update লিঙ্কটি দেখুন এবং সেখানে নির্দেশিত হিসাবে নিবন্ধন প্রক্রিয়া অনুসরণ করুন। সদস্যদের ফোলিও নং, নাম, ই-মেইল আইডি, মোবাইল নং, প্যান নং, স্ব-সত্যায়িত প্যান কার্ডের ছবি, আধার কার্ড এবং পিডিএফ/জেপিজি/জেপিইজি/পিএনজি/জিআইএফ-এ ফর্মাটে(১ এমবি পর্যন্ত) শেয়ার সার্টিফিকেট দেওয়ার জন্য অনুরোধ করা হচ্ছে এবং পিডিএফ/জেপিজি/জেপিইজি/ পিএনজি/জিআইএফ ফরম্যাটে ই-মেইল আপডেট আন্ডারটেকিং ফর্ম (১ এমবি পর্যন্ত)। কোন প্রশ্নের ক্ষেত্রে, সদস্যরা mdpldc@yahoo.com -তে রেজিস্ট্রার এবং শেয়ার ট্রান্সফার এজেন্টকে একটি ই-মেইল পাঠাতে পারেন।
- ডিমেট আকারে শেয়ারধারী সদস্যদের জন্য- সদস্যদের অনুরোধ করা হচ্ছে যে তাদের দেওয়া পরামর্শ অনুযায়ী যথাযথ পদ্ধতি অনুসরণ করে তাদের সংশ্লিষ্ট ডিপোজিটরি পার্টিসিপেন্টসদের সাথে ইলেকট্রনিক হোল্ডিংয়ের ক্ষেত্রে তাদের ই-মেইল ঠিকানা এবং মোবাইল নম্বর আপডেট করুন।

সুষ্ঠু ও স্বচ্ছ পদ্ধতিতে ই-ভোটিং প্রক্রিয়া পরিচালনার জন্য কোম্পানি শ্রী প্রবীন কুমার ড্রোলিয়া, প্র্যাকটিসিং কোম্পানি সেক্রেটারি (মেম্বারশিপ নং এফ২৩৬৬, সিপি : ১৩৬২) -কে স্ক্রুটিনাইজার হিসেবে নিয়োগ দিয়েছে।

স্ক্রুটিনাইজারের রিপোর্টের সাথে ই-ভোটিং ফলাফল স্টক এক্সচেঞ্জের ওয়েবসাইট অর্থাৎ www.bseindia.com এবং www.nseindia.com এবং কোম্পানির ওয়েবসাইট অর্থাৎ www.hindwarehomes.com এবং সিডিএসএল এর ওয়েবসাইট অর্থাৎ www.evotingindia.com তে আপলোড করা হবে চেয়ারম্যান বা তার দ্বারা লিখিতভাবে অনুমোদিত অন্য কোন ব্যক্তির দ্বারা ফলাফল ঘোষণার পরপরই।

সিডিএসএল এর ই-ভোটিং সিস্টেম থেকে ই-ভোটিং এবং এজিএম এ অংশগ্রহণের বিষয়ে আপনার যদি কোন প্রশ্ন বা সমস্যা থাকে, তাহলে আপনি প্রায়শই জিজ্ঞাসিত প্রশ্নাবলী ("এফএকিউএস") -তে উল্লেখ করতে পারেন এবং ই-ভোটিং ম্যানুয়াল www.evotingindia.com -তে সাহায্য বিভাগের অধীনে পাওয়া যাবে অথবা helpdesk.evoting@cdslindia.com -তে একটি ইমেইল লিখুন অথবা ১৮০০ ২২ ৫৫ ৩৩ (টোল ফ্রি) বা ০২২- ২৩০৫৮৭৩৮/৮৫৪২/৮৫৪৩ -তে যোগাযোগ করুন।

ইলেকট্রনিক উপায়ে ভোট দেওয়ার সুবিধার সাথে সংযুক্ত সমস্ত অভিযোগ শ্রী রাকেশ ডালভী, সিনিয়র ম্যানেজার, (সিডিএসএল) সেন্ট্রাল ডিপোজিটরি সার্ভিসেস (ইন্ডিয়া) লিমিটেড, এ উইং, ২৬ তল, ম্যারাথন ফিউচারেক্স, মাফাতলাল মিল কমপাউন্ডস, এন এম যোশি মার্গ, লোয়ার পারেল (পূর্ব), মুম্বাই -৪০০০১৩ কে অথবা helpdesk.evoting@cdslindia.com -তে ইমেইল পাঠান অথবা ০২২-২৩০৫৮৫৪২ বা টোল ফ্রি নং ১৮০০ ২২ ৫৫ ৩৩ -তে কল করুন।

পরিচালন পর্ষদের আদেশক্রমে
হিন্দওয়্যার হোম ইনোভেশন লিমিটেডের পক্ষে
(পূর্বে সোমানি হোম ইনোভেশন লিমিটেড হিসাবে পরিচিত)
স্বা/-
পায়েল এম পুরি
কোম্পানি সেক্রেটারি
মেম্বারশিপ নং A16068

স্থান : কলকাতা
তারিখ : ৬ অগাস্ট, ২০২২

বাইশে শ্রাবণ উপলক্ষে বীরভূম জেলা তথ্য ও সংস্কৃতির দপ্তরের কবি প্রণাম অনুষ্ঠানে আস্থা সঙ্গিতায়নের শিল্পীবৃন্দ।

কাঁকসায় দুটি পৃথক দুর্ঘটনায় আহত ১০, গুরুতর ১

নিজস্ব প্রতিবেদন, কাঁকসা: সোমবার কাঁকসা থানা এলাকায় দুটি পৃথক দুর্ঘটনায় আহত হয় প্রায় ১০ জন। গুরুতর আহত হয় ১ জন। এদিন সকাল ৭টা নাগাদ পানাগড়ের দার্জিলিং মোড় সংলগ্ন এলাকায় একটি চারচাকা দুর্ঘটনার কবলে পড়ে।

স্থানীয় সূত্রে জানা গিয়েছে, ওই চারচাকা গাড়িটি পুরাতন জাতীয় সড়ক ধরে দার্জিলিং মোড় থেকে পানাগড় যাওয়ার পথে এক সাইকেল আরোহীকে বাঁচাতে গিয়ে নিয়ন্ত্রণ হারিয়ে রাস্তার পাশে লোহার রেলিংয়ে ধাক্কা মারে। গাড়ির চালক আহত হয়। গাড়িতে কোনও যাত্রী ছিল না। স্থানীয়রা চালককে উদ্ধার করে স্থানীয় স্বাস্থ্য কেন্দ্রে নিয়ে যায়। দুর্ঘটনার জেরে ওই সড়কে সাময়িক ভাবে যান চলাচল বন্ধ হয়ে পড়ে। পুলিশ পৌঁছে পরিস্থিতির সামাল দেয়। অপর দিকে সকাল ১০টা নাগাদ কাঁকসার রাজবাঁধ চটির কাছে নিয়ন্ত্রণ হারিয়ে একটি বেসরকারি যাত্রীবাহী বাস ট্রেলারের পিছনে ধাক্কা মারে। ঘটনায় প্রায় ১০জন বাসযাত্রী আহত হয়। তাঁদের মধ্যে একজন গুরুতর আহত থাকায় তাঁকে উদ্ধার করে স্থানীয় একটি বেসরকারি হাসপাতালে ভর্তি করা হয়।

স্থানীয় সূত্রে জানা গিয়েছে, বাসটি আরামবাগ থেকে ২ নম্বর জাতীয় সড়ক হয়ে বরাকর যাচ্ছিলো।

রাজবাঁধ এলাকায় একটি লরিকে দ্রুত গতিতে অতিক্রম করার সময় নিয়ন্ত্রণ হারিয়ে সামনে থাকা ট্রেলারের পিছনে সজোরে ধাক্কা মারে।

বাসে প্রায় ৩০ জন যাত্রী ছিলো। যার মধ্যে প্রায় ১০ জন যাত্রী আহত হয়। দুর্ঘটনার জেরে দু'নম্বর জাতীয় সড়কে কিছুক্ষণের জন্য যান চলাচল বন্ধ হয়ে পড়ে।

খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে পৌঁছে আহতদের উদ্ধার করে দুর্গাপুর মহকুমা ও স্থানীয় হাসপাতালে পাঠায়। পুলিশ দুর্ঘটনাগ্রস্থ বাসটিকে আটক করে অন্যত্র সরিয়ে যান চলাচল স্বাভাবিক করে। বাসের চালক ও খালাসি পলাতক। ঘটনার তদন্ত শুরু করেছে পুলিশ।

নিক্কো পার্কস অ্যান্ড রিসর্টস লিমিটেড

NICCO PARKS

CIN: L92419WB1989PLC046487
রেজিস্টার্ড অফিস : ''ঝিল মিল'' সেক্টর-৪, সল্টলেক সিটি, কলকাতা- ৭০০ ১০৬
ই-মেল : niccopark@niccoparks.com, ওয়েবসাইট : www.niccoparks.com

৩০ জুন, ২০২২ তারিখে সমাপ্ত তিন মাসের অনিরীক্ষিত আর্থিক ফলাফলের বিবরণ

(লক্ষ টাকায়)

	বিবরণ	স্ট্যান্ডঅ্যালোন			কনসোলিডেটেড		
		ত্রৈমাসিক সমাপ্ত ৩০.০৬.২০২২	ত্রৈমাসিক সমাপ্ত ৩১.০৩.২০২২	ত্রৈমাসিক সমাপ্ত ৩০.০৬.২০২১	ত্রৈমাসিক সমাপ্ত ৩০.০৬.২০২২	ত্রৈমাসিক সমাপ্ত ৩১.০৩.২০২২	ত্রৈমাসিক সমাপ্ত ৩০.০৬.২০২১
	(উল্লেখ্য নীচের দ্রষ্টব্য)	(অনিরীক্ষিত)	(নিরীক্ষিত)	(অনিরীক্ষিত)	(অনিরীক্ষিত)	(নিরীক্ষিত)	(অনিরীক্ষিত)
১.	কার্যাদি থেকে মোট আয় (নিট)	২৪৮৩.১৯	১০৯১.৬০	২১৬.১৬	২৪৮৩.১৯	১০৯১.৬০	২১৬.১৬
২.	নিট লাভ(+)/ক্ষতি(-) সময়কালের জন্য (কর, ব্যতিক্রমী এবং/বা অতিরিক্ত দফা পূর্ব)	১২৮৫.৪৩	২৯৬.৪৬	(২৮০.৮১)	১৩৯১.৮২	৩০৫.৮৫	(২১২.০৮)
৩.	নিট লাভ(+)/ক্ষতি(-) কর পূর্ব সময়কালের জন্য (ব্যতিক্রমী এবং/বা অতিরিক্ত দফা পরবর্তী)	১২৮৫.৪৩	২৯৬.৪৬	(২৮০.৮১)	১৩৯১.৮২	৩০৫.৮৫	(২১২.০৮)
৪.	নিট লাভ(+)/ক্ষতি(-) কর পরবর্তী সময়কালের জন্য (ব্যতিক্রমী এবং/বা অতিরিক্ত দফা পরবর্তী)	৯৪৬.৪০	২১৭.৩৪	(২১৫.৮৫)	৮২৬.৭৭	২০২.১১	(১৬৪.৪২)
৫.	মোট ব্যাপক আয় সময়কালের জন্য [এই সময়ের লাভ/(ক্ষতি) (কর পরবর্তী) এবং অন্যান্য মোট আয় (কর পরবর্তী)]	৯৫৬.৯৩	১৯১.৭৬	(২০০.২৭)	৮৪৫.৮৮	১৬১.৩০	(১৭৬.০০)
৬.	ইক্যুইটি শেয়ার মূলধন (ফেসভ্যালু ১ টাকা প্রতি শেয়ার)	৪৬৮.০০	৪৬৮.০০	৪৬৮.০০	৪৬৮.০০	৪৬৮.০০	৪৬৮.০০
৭.	অন্যান্য ইক্যুইটি (পুনর্মূল্যায়ন সংরক্ষণ ব্যতীত) (বিগত গণনা বর্ষের উদ্বর্তপত্রে দর্শিত পুনর্মূল্যায়ণ ব্যতীত মজুত)	৪০২৭.১৩ ৩১.০৩.২০২২ তারিখে	৩৫৬৩.৫৯ ৩১.০৩.২০২১ তারিখে	৩৫৬৩.৫৯ ৩১.০৩.২০২১ তারিখে	৫২৩১.৩২ ৩১.০৩.২০২২ তারিখে	৪৬৬৩.২৫ ৩১.০৩.২০২১ তারিখে	৪৬৬৩.২৫ ৩১.০৩.২০২১ তারিখে
৮.	শেয়ার প্রতি আয় সময়কালের জন্য (ফেস ভ্যালু ১/- টাকা প্রতিটি) - মূল এবং মিশ্রিত (বার্ষিকীকৃত নয়)	২.০২	০.৪৬	(০.৪৬)	১.৭৭	০.৪৩	(০.৩৫)

দ্রষ্টব্য :

১. উপরোক্তটি সেবি (লিস্টিং অবলিগেশনস অ্যান্ড ডিসক্লোজার রিকোয়ারমেন্টস) রেগুলেশনস, ২০১৫ -এর রেগুলেশন ৩৩ অধীনে স্টক এক্সচেঞ্জে দাখিল করা ত্রৈমাসিক আর্থিক ফলাফলের বিস্তারিত ফরম্যাটের নির্যাস। ৩০ জুন, ২০২২ তারিখে সমাপ্ত ত্রৈমাসিকের অনিরীক্ষিত আর্থিক ফলাফলের সম্পূর্ণ ফরম্যাট পাওয়া যাবে স্টক এক্সচেঞ্জেস ওয়েবসাইট সমূহ (www.bseindia.com এবং www.cse-india.com) এবং কোম্পানির ওয়েবসাইট (www.niccoparks.com) -তে।

২. ৩০ জুন, ২০২২ তারিখে সমাপ্ত ত্রৈমাসিকের জন্য উপরোক্ত অনিরীক্ষিত আর্থিক ফলাফল অডিট কমিটি কর্তৃক পর্যালোচিত হয়েছে এবং তারপর পরিচালন পর্ষদ কর্তৃক অনুমোদিত হয়েছে এবং ৮ অগস্ট, ২০২২ তারিখে অনুষ্ঠিত তাদের সভায় নথিভুক্ত হয়েছে। বিধিবদ্ধ নিরীক্ষকেরা ৩০ জুন, ২০২২ তারিখে সমাপ্ত ত্রৈমাসিকের জন্য উপরোক্ত আর্থিক ফলাফলের একটি সীমিত পর্যালোচনাও করেছেন।

৩. ক) পার্কের এফ অ্যান্ড বি এবং অন্যান্য আমোদ প্রমোদজনক কার্যাবলী বদলি মরশুমের উপর নির্ভরশীল
খ) রাইডসের মন্ত্রণা, চুক্তি ও অংশাদি বিক্রি ও পরিবর্তন সাপেক্ষ যা চুক্তি সংখ্যার উপর নির্ভরশীল।

৪. ২০২২-২০২৩ অর্থবর্ষের জন্য একটি অন্তর্বর্তীকালীন লভ্যাংশ ৫০ শতাংশ হারে পরিচালনা পর্ষদ তার উপরোক্ত সভায় অনুমোদন করেছে।

৫. পূর্ববর্তী সময়ের সংখ্যাগুলিকে পুনর্সজ্জিত/পুনর্দলভুক্ত করা হয়েছে।

বোর্ড অফ ডিরেক্টরসের পক্ষে
অভিজিৎ দত্ত
ম্যানেজিং ডিরেক্টর এবং সিইও
(DIN : 00233374)

স্থান: কলকাতা
তারিখ: ৮ অগস্ট, ২০২২